

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd


নং-৩৭.০২.০০০০.১০১.১১.০০১.২০- ২৪৩২৭

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৭
১৪ ডিসেম্বর, ২০২০

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের জনবল নিয়োগ সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য ২৮ ক্যাটাগরির ৪০৩২টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ২২ অক্টোবর, ২০২০ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির পরীক্ষা গ্রহণের প্রস্তুতি ও দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। পরীক্ষার তারিখ এখনও নির্ধারণ করা হয়নি। কিন্তু এরই মধ্যে কিছু প্রতারক চক্র চাকুরি দেয়ার প্রলোভন দেখিয়ে চাকুরি প্রার্থীদের সঙ্গে প্রতারণা করার চেষ্টা করছে বলে প্রতীয়মান হচ্ছে। এমতাবস্থায়, কেও যেন কোন প্রতারণার ফাঁদে না পড়েন সেই বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে সতর্ক থাকার অনুরোধ করা হল।

এখানে উল্লেখ্য, সকল ধরনের পরীক্ষার (লিখিত/ব্যবহারিক/মৌখিক) তারিখ, সময় ও ভেন্যু এমনকি নিয়োগের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হলে তা প্রার্থীকে সরাসরি মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে জানানো হবে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে (www.dshe.gov.bd) প্রকাশ করা হবে।


14.12.2020
(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন- ৯৫৬৩৪৩৯।